

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/২০১৭/২১৬২(১০)

তারিখ-০৯-০৮-২০১৭ খ্রিঃ।


“অফিস আদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা, ইং ২২-০৬-২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.০৯.০০১.১৪ (অংশ-২)-৮৬১ নং স্মারক পত্রে স্থানীয় সরকার(পৌরসভা) আইন, ২০০৯ এর ৫০ এর ১(গ) অনুযায়ী পৌর এলাকার নাগরিকগণের পৌরসেবা প্রদানের লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন, ইমারত নিয়ন্ত্রণসহ নগর উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করার দায়িত্ব পৌরসভার এবং একই আইনের দ্বিতীয় তফসিলের ৩৫, ৩৬ ও ৩৭ নম্বর ক্রমিকে ইমারত নির্মাণ, পুণর্নির্মাণ, ইমারত সমাপন, ইমারত পরিবর্তন ইত্যাদি এবং ইমারত নিয়ন্ত্রণে পৌরসভার দায়িত্ব থাকায় উক্ত স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্ন-বর্ণিত কমিটি গঠন করা হলো। প্রযোজ্য ক্ষেত্রে কমিটিতে তাঁর প্রতিষ্ঠানের প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। কমিটি কার্য-পরিধি মোতাবেক দায়িত্ব পালন করবেন।

কমিটি নিম্নরূপ :

০১. মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা-সভাপতি।
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রধান নির্বাহী কর্মকর্তা না থাকলে পৌরসভার সচিব)-সদস্য।
০৩. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা-সদস্য।
০৪. পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, চুয়াডাঙ্গা-সদস্য।
০৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি, চুয়াডাঙ্গা-সদস্য।
০৬. নগর পরিকল্পনাবিদ, তবে নগর পরিকল্পনাবিদ না থাকিলে, পার্শ্ববর্তী কোন স্থানীয় সরকার পরিষদ নগরপরিকল্পনাবিদ-সদস্য।
০৭. ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধি-সদস্য।
০৮. ইনস্টিটিউট অব আর্কিটেক্টস, বাংলাদেশ এর প্রতিনিধি-সদস্য।
০৯. বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স এর প্রতিনিধি-সদস্য।
১০. ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অব বাংলাদেশ, চুয়াডাঙ্গা এর প্রতিনিধি-সদস্য।
১১. নির্বাহী প্রকৌশলী, অত্র পৌরসভা (নির্বাহী প্রকৌশলী না থাকলে সহকারী প্রকৌশলী)-সদস্য-সচিব।

সংযুক্তি : স্থানীয় সরকার বিভাগ,
পৌর-১ শাখার পত্র-০৩ পাতা।


(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা
ফোন : ০৭৬১-৬২২৮১
E-mail mayor16cp@gmail.com

অনুলিপি-

০১. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
০২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চুয়াডাঙ্গা। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৩. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চুয়াডাঙ্গা। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৪. নগর পরিকল্পনাবিদ, তবে নগর পরিকল্পনাবিদ না থাকিলে, পার্শ্ববর্তী কোন স্থানীয় সরকার পরিষদ নগরপরিকল্পনাবিদ।
০৫. সভাপতি, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ(IEB) রমনা, শাহাবাগ, ঢাকা। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৬. সভাপতি, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ (IAB) IAB সেন্টার, প্লট-১১, রোড-৭, ব্লক-E, আগাঁরণাও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৭. সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স (প্লানার্স এ্যাসোসিয়েশন), প্লানার্স টাওয়ার, লেভেল-৭, ১৩/এ, বীর উত্তম সি। আরদত্ত রোড(সোনার গাঁ রোড), বাংলা মটর, ঢাকা-১০০০। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৮. সভাপতি, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অব বাংলাদেশ, চুয়াডাঙ্গা জেলা শাখা, চুয়াডাঙ্গা। প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো।
০৯. নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।
১০. সচিব, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।